

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ইউনিট A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

১ম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৯-২০২০

রাজশাহী বিশ্ববিদ্যালয়

নোটিশ

A-ইউনিটের (কলা, আইন সামাজিক বিজ্ঞান, চারুকলা অনুষদ এবং শিক্ষা গবেষণা ইনস্টিটিউট) ২০১৯-২০২০ শিক্ষা বর্ষের বিএ, বিপিএ, এলএলবি, বিএসএস, বিএফএ এবং বিএড (সম্মান) শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ৪র্থ মাইগ্রেশন, মুক্তিযোদ্ধা কোটার ২য় মাইগ্রেশন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ১ম মাইগ্রেশন এবং চারুকলা অনুষদের ২য় মাইগ্রেশন সম্পন্ন করে ৫ম মেধা তালিকা, মুক্তিযোদ্ধা কোটার ৩য় মেধা তালিকা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ২য় মেধা তালিকা, চারুকলা অনুষদের ৫ম মেধা তালিকা, ইংরেজী বিভাগের ৫ম মেধা তালিকা এবং নাট্যকলা বিভাগের ৫ম মেধা তালিকা প্রকাশ করা হলো। ৫ম মেধা তালিকায়, মুক্তিযোদ্ধা কোটায়, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায়, চারুকলা অনুষদে, ইংরেজী বিভাগে এবং নাট্যকলা বিভাগে ভর্তির জন্য নির্বাচিত পরীক্ষার্থীদেরকে আগামী ১৯ ডিসেম্বর, ২২ ডিসেম্বর ও ২৩ ডিসেম্বর ২০১৯ সকাল ১০টা থেকে বিকেল ৪টার মধ্যে কলা অনুষদভুক্ত বিভাগসমূহের নির্বাচিত পরীক্ষার্থীদের কলা অনুষদ অফিসে, আইন অনুষদভুক্ত বিভাগসমূহের নির্বাচিত পরীক্ষার্থীদের আইন অনুষদ অফিসে, সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহের নির্বাচিত পরীক্ষার্থীদের সামাজিক বিজ্ঞান অনুষদ অফিসে, চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহের নির্বাচিত পরীক্ষার্থীদের চারুকলা অনুষদ অফিসে এবং শিক্ষা গবেষণা ইনস্টিটিউটের নির্বাচিত পরীক্ষার্থীদের ইনস্টিটিউট অফিসে উপস্থিত হয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে A ইউনিটে তাদের ভর্তির মনোনয়ন চূড়ান্তভাবে বাতিল বলে গণ্য হবে।

ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপ:

১। অনলাইনে <http://admission.ru.ac.bd> -তে ১৯ ডিসেম্বর ২০১৯ সকাল ১০টা থেকে ভর্তি ফরম পূরণ করতে হবে। পরীক্ষার্থী নিজে অনলাইনে পূরণকৃত ফরমটি অফসেট কাগজে তিন কপি প্রিন্ট স্বাক্ষর করে A4 সাইজের খামে পরীক্ষার্থীর নাম, বিভাগের নাম, রোল নম্বর লিখে অনুষদ অফিসে জমা দিতে হবে।

২। ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে প্রয়োজনীয় টাকা জমা দিতে হবে। [টাকার পরিমাণ ইউনিট-A ৪,৯১০ (চার হাজার নয়শত দশ) টাকা এবং জমা দেয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> ও [online admission guideline](http://online.admission.ru.ac.bd) থেকে জানা যাবে।

৩। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এস.এস.সি./সম্মান ও এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মূল মার্কশীট এবং এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড জমা দিতে হবে।

৪। কাগজপত্র সন্তোষজনক হলে স্বাক্ষরিত ভর্তি ফরমের দুই কপি, এস এস সি ও এইচ এস সি মূল মার্কশীট, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং ১৪০০.০০ (এক হাজার চারশত) টাকা অনুষদ অফিসে জমা দিতে হবে। প্রকাশিত ফলাফলে কোন প্রকার ভুল-ত্রুটি/অসঙ্গতি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের থাকবে।



প্রফেসর ড. এম. আহসান কবির

চীফ কো-অর্ডিনেটর

A-ইউনিট (কলা, আইন, সামাজিক বিজ্ঞান, চারুকলা অনুষদ এবং শিক্ষা গবেষণা ইনস্টিটিউট)

১ম বর্ষ বিএ, বিপিএ, এলএলবি, বিএসএস, বিএফএ, বিএড (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৯-২০২০

ও

ডীন, আইন অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।